দৈনিক সংবাদ

তারিখ 07 JUN 1993
পৃষ্ঠা ৭ কলাম ৬

# এইচএসসি পরীক্ষা ।। পরিদর্শকদের ওপর শিক্ষা মন্ত্রণালয়ের শর্ত

।। জসীম চৌধুরী সবুজ ।।

চট্টগ্রাম, ৬ই জুন।– আসন্ন এইচএসসি পরীক্ষাকে 'নকল ও দুর্নীতিমুক্ত' রাখার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় সরকারী ও বেসরকারী কলেজ শিক্ষকদের পরিদর্শকের দায়িত্ব পালনের ব্যাপারে কতিপয় শর্ত আরোপ করেছে। গত ১১ই মে শিক্ষা সচিব স্বাক্ষরিত এক সার্কুলারে শর্তসমূহ পরীক্ষা কেন্দ্রসমূহের সচিবদের জানিয়ে দেয়া হয়েছে।

নতুন শর্তানুযায়ী কোন কলেজ শিক্ষক একমাত্র সেই কেন্দ্রে পরিদর্শকের দায়িত্ব পালন করতে পারবেন, যে কেন্দ্রে তার কলেজের কোন পরীক্ষার্থী থাকবে না। যদি ম্যাজিস্ট্রেট বা ভিজিল্যান্স টিমের সদস্য

পরিদর্শক ঃ পৃঃ ৬ কঃ ৭

## পরিদর্শক ঃ মন্ত্রণালয়ের শর্ত

( ১ম পৃষ্ঠার পর )

কোন পরীক্ষার্থীকে নকলরত অবস্থায় ধরেন তাহলে সেই হলের তত্ত্বাবধায়ক ও সকল পরিদর্শককে দায়িত্ব পালনে অবহেলার জন্য অব্যাহতি দেয়া হবে এবং তাদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাৎক্ষণিকভাবে সুপারিশ করা হবে সার্কুলারে আরো বলা হয়েছে, যদি কোন কলেজের পরীক্ষার্থীরা অসদুপায় অবলম্বনের জন্য কেন্দ্র হতে বহিষ্কৃত হয়, তাহলে সেই কলেজের শিক্ষকদের সরকারী অনুদান বন্ধ করে দেয়া হবে। তবে এজন্যে শিক্ষা অধিদপ্তরে প্রতিবেদন পাঠাতে হবে সংশ্লিষ্ট কেন্দ্র প্রধান বা তত্ত্বাবধায়ককে।

### শিক্ষকদের প্রতিক্রিয়া

শিক্ষা সচিব কর্তৃক জারিকৃত নতুন এই সার্কুলারটি শিক্ষক সমাজে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি করেছে। বেশ ক'জন প্রবীণ শিক্ষক এটিকে শিক্ষক সমাজের জন্য অবমাননাকর বলে অভিহিত করে বলেছেন, নকল প্রতিরোধের চেয়ে শিক্ষকদের হয়রানি করাই এই সার্কুলারের মূল উদ্দেশ্য। সংশ্লিষ্ট সূত্র জানায়, এইচএসসি পরীক্ষা শুরু হবার পূর্বেই জারিকৃত সার্কুলারটি প্রত্যাহার করা না হলে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি ও বাংলাদেশ কলেজ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি যৌথভাবে আন্দোলনের কর্মসূচী গ্রহণের চিন্তাভাবনা করছে। দু'সংগঠনের পক্ষ থেকে ইতিমধ্যে এ বিষয়ে প্রশাসনের কাছে স্মারকলিপি প্রদান করা হয়েছে চট্টগ্রামসহ বিভিন্ন জেলায়।